গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
কর্মসংস্থান ০৪ শাখা
www.probashi.gov.bd

স্মারক নং- ৪৯.০০.০০০০.০৪৮.১১.০৪৮.২৬-২৯৩

তারিখঃ ২৭ কার্তিক ১৪৩৩ ব:
১২ নভেম্বর ২০২৬ খ্রি:

বিষয় : সার্বিয়ায় ০৫ (পাঁচ) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি প্রদান
সূত্র: রিক্রুটিং এজেন্সী মেসার্স ওয়েস্টার্ণ ওভারসীজ লিঃ (আরএল-১৯৯৩) এর আবেদন; তারিখ: ০৪/১১/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সীর আবেদন এবং বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালির প্রতিবেদনের প্রেক্ষিতে রিক্রুটিং এজেন্সী মেসার্স ওয়েস্টার্ণ ওভারসীজ লিঃ (আরএল-১৯৯৩) এর অনুকূলে সার্বিয়ার **Sloboda Gradevinar 1947 doo** কোম্পানিতে ০৫ (পাঁচ) জন কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

রিক্রুটিং এজেন্টের নাম ও ঠিকানা	নিয়োগকর্তা /কোম্পানির নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন	অভিবাসন ব্যয়	চাকরির শর্ত
Western Overseas Limited (RL-1993) TCB Bhaban (10th Floor), 1 Karwan Bazar, Dhaka-1215.	Sloboda Gradevinar 1947 doo	Construction Machine Operator, Truck & Concrete Mixer Driver, & Plumber	০৫ (পাঁচ) জন	৬৫০ ইউরো	২,৭১,৭০০/-	কর্মঘণ্টা: দৈনিক ০৯ (নয়) ঘন্টা সাপ্তাহিক ০৫ (পাঁচ) দিন চুক্তির মেয়াদ: ২ (দুই) বছর; চিকিৎসা সুবিধা: ফ্রি; আবাসন: ফ্রি; খাবার: কোম্পানী বহন করবে; যাতায়াত: ফ্রি; ওভারটাইম: সার্বিয়ার শ্রম আইন অনুযায়ী; বিমানভাড়া: কোম্পানী কর্তৃক প্রদত্ত

শর্তাবলী:

(ক) বাংলাদেশ থেকে সার্বিয়ায় কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্টকে অবশ্যই বাংলাদেশ এবং সার্বিয়া উভয় দেশের বিধিবদ্ধ আইন, বিধি বিধান অনুসরণ করতে হবে;

(খ) বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ১৯ (৩) ধারা অনুযায়ী রিক্রুটিং এজেন্টকে বিএমইটির চলমান ডাটাবেজ থেকে কর্মী নির্বাচন করতে হবে;

(গ) ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক, বিএমইটি নিশ্চিত করবেন এবং ডাটাবেজ বহির্ভূত কোনো কর্মীর অনুকূলে ইমিগ্রেশন ক্লিয়ারেন্স প্রদান করবেন না;

(ঘ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী সার্বিয়া পৌছার পর রিক্রুটিং এজেন্সী অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালিতে প্রতিবেদন দাখিল করবে;

(ঙ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদাপত্র/ক্ষমতাপত্র ও দক্ষতা সনদসহ অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র (Emigration Clearance Card বা Smart Card) প্রদান করবে;

(চ) কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত কপি বিএমইটি কর্তৃক সত্যায়ন করে প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে;

(ছ) বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে। বিষয়টি রিক্রুটিং এজেন্ট নিশ্চিত করবে;

(জ) সার্বিয়া প্রান্তের সকল ব্যয় (লেভি, বিমানভাড়া ইত্যাদি) নিয়োগকারী বহন করবেন। কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্ট কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করতে পারবেন যার প্রমাণপত্র মহাপরিচালক, বিএমইটি বরাবর উপস্থাপন করতে হবে;

CamScanner

(ঞ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীরা উক্ত কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবেন এবং প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ সুবিধা দেয়া হবে এবং কোন ধরণের অনাকাংক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্টকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপুরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;

(ট) কর্মীদের চাকুরির শর্তাবলী সার্বিয়ার শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে;

(ঠ) এ নিয়োগ সম্পন্ন করে ১৪ দিনের মধ্যে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

(তৃপ্তি কণা মন্ডল) ১২.১১.২০২৬
সিনিয়র সহকারী সচিব
dsemployment৪@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০

স্মারক নং- ৪৯.০০.০০০০.০৪৮.১১.০৪৮.২৬-

তারিখঃ ২৭ কার্তিক ১৪৩৩ ব:
১২ নভেম্বর ২০২৬ খ্রি.

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি।
৩. যুগ্মসচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. ব্যবস্থাপনা পরিচালক, রিক্রুটিং এজেন্সী মেসার্স ওয়েস্টার্ণ ওভারসীজ লিঃ (আরএল-১৯৯৩), টিসিভি ভবন (১০ম ফ্লোর) ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
৫. অফিস কপি।

(তৃপ্তি কণা মন্ডল) ১২.১১.২০২৬
সিনিয়র সহকারী সচিব

CamScanner